25

ভোরের কাগজ

তারিখ 14 AUG 1998
পৃষ্ঠা ২৮ কলাম ৭

# পরীক্ষায় নকলের দায়ে শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

চট্টগ্রাম অফিস : ছাত্র নয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পিএইচডি ডিগ্রিধারী একজন শিক্ষক পরীক্ষায় নকল করার দায়ে বহিষ্কৃত হয়েছেন। তিনি ড. রণজিৎ কুমার বড়ুয়া। এক সময় এই বিশ্ববিদ্যালয়ে পালি বিভাগের চেয়ারম্যানও ছিলেন।

এই শিক্ষক গত বছর চাঁদপুর আইন কলেজে ১৯৯৪ সালের এলএলবি ফাইনাল পরীক্ষা দেওয়ার সময় নকল করার দায়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একটি পরিদর্শক টিমের হাতে ধরা পড়ে আরো কয়েকজন পরীক্ষার্থীর সঙ্গে বহিষ্কৃত হন। এই কেন্দ্রে দেদার নকল চলছিল। বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ও সহকারী প্রক্টর ড. মোহাম্মদ তৌহিদ হোসেন চৌধুরী ঐ নকল ধরেন ও বহিষ্কার করেন।

ড. বড়ুয়া আরো একটি বিধিবহির্ভূত কাজের জন্য অভিযুক্ত হয়েছেন। ঐ সময় তিনি পোস্ট ডক্টোরাল ডিগ্রি অফ ফেলোশিপের জন্য দিল্লীতে যাওয়ার জন্য ছুটিতে ছিলেন। অন্য কোনো পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে বিধি ভঙ্গ করে তিনি চাঁদপুরে গিয়ে ল' পরীক্ষা দিচ্ছিলেন।

গত ২৮ জুন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা শৃঙ্খলা কমিটির গৃহীত সুপারিশ অনুযায়ী ড. রণজিৎ বড়ুয়া পরবর্তী এক বছরের জন্য কোনো পরীক্ষায় অংশ নিতে পারবেন না। পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর থেকে এই সুপারিশ সিন্ডিকেটে পাঠানোর সিদ্ধান্ত হয়েছে।